

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 29.10.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

১) আয়ুর্বেদ দিবস ও ধনতরী জয়ন্তী উপলক্ষে প্রধানমন্ত্রী আজ কল্যানীর এইমসে নতুন তিনটি পরিষেবার ভার্চুয়ালি সূচনা করবেন।

রোজগার মেলার মাধ্যমে ৫১ হাজারেরও বেশি কর্ম প্রার্থীর হাতে নিয়োগ পত্র তুলে দেবেন তিনি।

২) আর জি কর-এ তিলোত্তমার সুবিচারের দাবিতে কালী পুজোর আগের দিন ফের পথে নামছেন জুনিয়ার ডাক্তাররা।

৩) রাজ্য ৬-টি বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে ৪৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন।

৪) ঘূর্ণিঝড়ের প্রভাবে ক্ষতিগ্রস্ত রাজ্যের প্রায় ৬০ লক্ষ কৃষক যাতে সময়মতো আর্থিক সহায়তা পান তা সুনিশ্চিত করতে নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।

৫) রঞ্জি ট্রফি ক্রিকেটে বাংলার বিরুদ্ধে কেরালা আজ ৭ উইকেটে ২৬৭ রান হাতে নিয়ে খেলতে নামছে।

৬) কৃষ্ণনগরের ৫ পর্বতারোহী, অরুণাচল প্রদেশের গোরিচেন শৃঙ্গ জয় করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

নবম আয়ুর্বেদ দিবস এবং ধন্বন্তরি জয়ন্তী উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ১২ হাজার ৮৫০ কোটি টাকা মূল্যের স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন প্রকল্প ও পরিষেবার উদ্বোধন এবং শিলান্যাস করবেন। এর মধ্যে আছে নদীয়ার কল্যানীর এইমসে আরও তিনটি নতুন পরিষেবার সূচনা, সত্ত্বরোর্ধ্ব সমস্ত নাগরিককে আযুষ্মান ভারত প্রকল্পের অধীনে নিয়ে আসা, প্রথম সর্বভারতীয় আয়ুর্বেদ শিক্ষা প্রতিষ্ঠানের দ্বিতীয় পর্যায়ের উদ্বোধন ইত্যাদি।

নতুন দিল্লির অল ইন্ডিয়া ইনসিটিউট অফ আয়ুর্বেদ প্রাঙ্গণে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এই প্রকল্পগুলির উদ্বোধন ও শিলান্যাস করবেন।।

কল্যানীর এইমসে যে নতুন তিনটি পরিষেবা প্রধানমন্ত্রী ভার্চুয়ালি জাতির উদ্দেশ্যে উৎসর্গ করবেন তার মধ্যে আছে রোগীদের জন্য এ হাসপাতালে ক্যাথল্যাব, অত্যাধুনিক হার্ট লাঞ্চ মেশিন ও প্রধানমন্ত্রী জন ঔষধি কেন্দ্র। কল্যানী এইমসের জনসংযোগ আধিকারিক ডাক্তার সুকান্ত সরকার জানিয়েছেন, এই তিনটি পরিষেবার সূচনার ফলে রোগীরা বিশেষভাবে উপকৃত হবেন।

(বাইট- সুকান্ত সরকার)

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রোজগার মেলার মাধ্যমে নতুন কর্মপ্রার্থীদের হাতে নিয়োগপত্র তুলে দেবেন। রাজস্ব,উচ্চ শিক্ষা,স্বরাষ্ট্র,প্রতিরক্ষা,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সহ বিভিন্ন মন্ত্রক ও বিভাগে নবনিযুক্ত ৫১হাজারেরও বেশি যুবক যুবতী কে ভিড়ও কনফারেন্সের মাধ্যমে নিয়োগপত্র বিতরণ করবেন প্রধানমন্ত্রী।

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক ও দপ্তরে নিয়োগের জন্য দেশের ৪০ টি স্থানে এই রোজগার মেলার আয়োজন করা হয়েছে। এরমধ্যে আছে কলকাতায় জাতীয় গ্রন্থাগার। ডাক বিভাগের পক্ষ থেকে সেখানে এই মেলার আয়োজন করা হয়েছে।

আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন, নিয়োগপত্র পাওয়া কর্মীরা আই গট কর্মযোগী পোর্টালে কর্মযোগী প্রারম্ভ মডিউলে প্রাথমিক পর্যায়ে প্রশিক্ষণের সুযোগ পাবেন। বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে দেশের তরুণ কর্মীদের কর্মদক্ষতা বাড়াতে ১ হাজার ৪শোর বেশী ই লার্নিং কোর্স এ পোর্টালে পাওয়া যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর-এ তিলোওমার সুবিচারের দাবিতে কালী পুজোর আগের দিন ফের পথে নামছেন জুনিয়ার ডাক্তাররা। আগামীকাল তারা সিজিও কমপ্লেক্সে সিবিআই দফতর ঘেরাও করার কর্মসূচী নিয়েছেন। প্রয়োজনে সেখানে ধর্নাও দিতে পারেন তারা। জুনিয়ার ডক্টর্স ফন্টের পক্ষে জানানো হয়েছে সিবিআই তরুণী চিকিৎসকের খুন ও ধর্ষণের ঘটনায় যে চার্জশিট পেশ করেছে, তা তাদের কাছে গ্রহণযোগ্য নয়। একজনের পক্ষে এই ধরনের ঘটনা ঘটানো সম্ভব নয়। কলকাতা পুলিশ ও সিবিআই-এর মধ্যে সমরোতা হয়েছে বলেও তাঁদের আরও অভিযোগ।

এছাড়া আগামী সোমবার চৌষ্ঠা নভেম্বর সন্ধে সাতটা থেকে রাত ৯-টা পর্যন্ত অভয়াদের বিচার চেয়ে ঘরে ঘরে, পাড়ায় পাড়ায় দ্রোহের আলো জ্বালার কর্মসূচীরও ডাক দেওয়া হয়েছে। ৯-ই নভেম্বর রানি রাসমণি রোডে এক জমায়েতে জনতা চার্জশিট পেশ করবে।

এদিকে, জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স, পশ্চিমবঙ্গ নাগরিক সমাজের প্রায় ৮০-টি সংগঠন অ্যাকাডেমী অফ ফাইন আর্টসের সভগৃহে গতকাল মিলিত হয়ে গঠন করে অভয়া মঞ্চ। প্রাথমিকভাবে মণিষা আদক, পুন্যব্রত গুণ ও তমোনাশ চৌধুরীকে আন্বায়ক নির্বাচিত করা হয়েছে। এই মঞ্চ অভয়ার প্রকৃত বিচারের দাবি জানানোর

পাশাপাশি প্রশাসনের মদতপুষ্ট দুর্নীতি, হমকি সংস্কৃতি এবং নারীদের ওপর আক্রমণের বিরুদ্ধে সোচ্চার হবে বলে সভায় জানানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি করের নির্ধাতিতা পড়ুয়া চিকিৎসকের ধর্ষণ ও হত্যা মামলার ন্যায়বিচারের পাশাপাশি আন্দোলনের নামে চিকিৎসক সংগঠনের সংগ্রহ করা অর্থের উৎস নিয়ে তদন্তের দাবি জানিয়ে জুনিয়ার চিকিৎসকদের নতুন সংগঠন জুনিয়ার ডষ্ট্রি অ্যাসোসিয়েশন রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। মুখ্যসচিব মনোজ পন্ত ও স্বাস্থ্য শিক্ষা অধিকর্তাকে পাঠানো ই-মেইলে অভয়ার সুবিচার, হাসপাতালের নিরাপত্তা পরিকাঠামো উন্নয়ন সহ ৮ দফা দাবি জানানো হয়েছে। রাজ্যের গঠিত টাঙ্ক ফোর্সে জুনিয়র ডষ্ট্রি সফটের সমানুপাতে তাঁদের সংগঠনের প্রতিনিধিত্ব রাখারও দাবি জানিয়েছে জুনিয়ার ডষ্ট্রি অ্যাসোসিয়েশন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কালীপুর্জোর আগে রাজ্যের বিভিন্ন জায়গায় অভিযান চালিয়ে পুলিশপ্রচুর পরিমাণে নিষিদ্ধ বাজী উদ্বার করেছে।

উত্তর ২৪ পরগনার গোপালনগর থানার কদমতলা বাজারের একটি দোকান থেকে প্রায় ১৫ কেজি বিভিন্ন ধরণের শব্দবাজি বাজেয়ান্ত করা হয়েছে। গ্রেপ্তার করা হয়েছে দোকান মালিক বিধুভূষণ দাসকেও। ধৃতকে গতকাল বনগাঁ আদালতে তোলা হলে জেল হেফাজতে পাঠানো হয়।

হাওড়ার জিটি রোডে অভিযান চালিয়ে উদ্বার করা হয়েছে ৩০ কেজি নিষিদ্ধ বাজী। এই ঘটনায় গ্রেফতার করা হয়েছে একজনকে।

শিলিগুড়ির মিলিনপল্লী এলাকার একটি স্টেশনারী দোকান থেকেও বাজেয়ান্ত করা হয়েছে লক্ষাধিক টাকার বে-আইনী বাজী। জিঞ্জাসাবাদের জন্য আটক করা হয়েছে দোকান মালিককে।

এদিকে, কালী পুজো ও আলোর উৎসব দীপাবলীর আগে উত্তর দিনাজপুরের রায়গঞ্জে গতকাল শুরু হয়েছে বাজির বাজার। এর উদ্বোধন করেন জেলাশাসক সুরেন্দ্র কুমার মিনা। পয়লা নভেম্বর পর্যন্ত এই বাজির বাজার চলবে। এতে রয়েছে ৫৯টি স্টল। জেলাশাসক জানিয়েছেন, শিল্প সাথী পোর্টালে আবেদন করে এই বাজি বাজারে ব্যবসায়ীরা পরিবেশ বান্ধব সবুজ বাজি বিক্রি করতে পারবেন।

অন্যদিকে, দীপাবলি উপলক্ষ্যে হাওড়া জেলার বিভিন্ন বাজারে গতকাল ‘পরিচ্ছন্নতা কর্মসূচি’ গ্রহণ করা হয়। কেন্দ্রীয় সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া বিষয়ক মন্ত্রকের অধীনস্থ হাওড়া নেহেরু যুবকেন্দ্রের উদ্যোগে ‘ইয়ে দিওয়ালি উইথ মাই ভারত’ শৈর্ষক এই কর্মসূচির আওতায় জগৎবল্লভপুরের ত্রিপুরাপুর বাজারে পরিচ্ছন্নতা অভিযানে যোগ দেন ৩০ জন। এর মাধ্যমে মূলত সর্বসাধারণের ব্যবহারের জায়গা ও পরিবেশকে পরিচ্ছন্ন রাখতে জোর দেওয়া হয়।

বর্ধমান নেহেরু যুব কেন্দ্রের উদ্যোগেও স্টেশন সংলগ্ন জিটি রোড এলাকায় গতকাল ‘পরিচ্ছন্নতা অভিযান’ চালানো হয়। স্থানীয় দোকানদার এবং সাধারণ মানুষকেও সচেতন করা হয়। ‘মাই ভারত’ পোর্টালের বর্ষপূর্তি উপলক্ষ্যে দিওয়ালি উৎসবকে আরো সুন্দর করে তোলার জন্যই এই বিশেষ সাফাই অভিযান বলে বর্ধমান নেহেরু যুব কেন্দ্রের আধিকারিক উত্তরা বিশ্বাস জানিয়েছেন।

পশ্চিম মেদিনীপুরের কেশপুর বাজার ব্যবসায়ী সমিতির উদ্যোগেও, নেহেরু যুব কেন্দ্রের সহযোগিতায় বাজারে ‘স্বচ্ছতা অভিযান’ চালানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ ধনতেরাস। পঞ্জিকা মতে ত্রয়োদশী তিথি শুরু হচ্ছে বেলা ১-টার পর। কথিত আছে এই ত্রয়োদশীতে সোনা - রূপো কিনলে তা কুবরের ভান্ডারের মতোই অক্ষয় হয়। ধনতেরাস উপলক্ষ্যে সোনার দোকানগুলি বিশেষ ছাড় দিচ্ছে। অগ্নিমূল্য সত্ত্বেও কেনাকাটায় ভাট্টা নেই। দোকানগুলিতে ক্রেতাদের ভীড় উপচে পড়ছে।

oooooooooooooooooooo

জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে
 রইলেন। সিতাই, মাদারিহাট, নৈহাটি, হাড়োয়া, মেদিনীপুর ও তালডাংরা আসনে মোট
 ৬২টি মনোনয়ন জমা পড়ে। এর মধ্যে ৪৩ টি বৈধ বলে বিবেচিত হয়। নৈহাটি ও
 হাড়োয়ায় ৯'জন করে, মাদারিহাট সংরক্ষিত আসনে-৮, সিতাই সংরক্ষিত কেন্দ্রে-৭
 এবং মেদিনীপুর ও তালডাংরায়-৫'জন করে প্রার্থী রয়েছেন।

মনোনয়ন পত্রগুলি গতকাল পরীক্ষা করে দেখা হয়। নাম প্রত্যাহারের সময়সীমা আগামীকাল ৩০শে অক্টোবর। ভোট গ্রহণ ১৩ই নভেম্বর।

এদিকে, রাজ্য যেকটি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন হবে, ভোটের দিন সেগুলিতে NI অ্যাক্টে ছুটি ঘোষণা করা হয়েছে। ওইদিন ঐসব বিধানসভা কেন্দ্র এলাকাতে সমস্ত অফিস কাছারি, শিক্ষা প্রতিষ্ঠান, পুরসভা বন্ধ থাকবে। বাণিজ্যিক প্রতিষ্ঠান ও দোকান বাজারে কর্মরতদের সবেতন ছুটির নির্দেশ দেওয়া হয়েছে। কোনো ভোটারের কর্মসূল অন্যত্র হলে, তাঁকেও ভোটাধিকার প্রয়োগের জন্য ওইদিন ছুটি দিতে বলা হয়েছে। এছাড়া, যেসমস্ত সরকারি দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠান ভোট কেন্দ্র, সেক্টর অফিস কিংবা ভোট গ্রহণ সংক্রান্ত সরঞ্জাম সরবরাহ কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে, সেগুলিতে ভোটের আগের দিন অর্থাৎ ১২'ই নভেম্বর'ও ছুটি দিতে বলা হয়েছে। নবান্নে এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে।

oooooooooooooooooooo

সদ্য প্রয়াত প্রদেশ কংগ্রেস সহ সভাপতি হাফিজ আলম সাইরানির মরদেহ আজ সকাল ১০ টা থেকে ১১-টা পর্যন্ত প্রদেশ কংগ্রেস কার্যালয়- বিধানভবনে শায়িত রাখা হবে। সেখানে জনগণের শ্রদ্ধা নিবেদনের পর বেলা সাড়ে ১১ টা নাগাদ নিয়ে যাওয়া হবে বিধানসভা ভবনে। এরপর তাঁর মরদেহ উত্তর দিনাজপুরের চাকুলিয়ার বাড়িতে

নিয়ে যাওয়া হবে। আগামীকাল তাঁর পৈত্রিক ভিটে বিনারদহ-এ হবে জানাজার নামাজ।

উল্লেখ্য, হাফিজ আলম সাইরানি গতকাল কলকাতার SSKM হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৬৪ বছর। বেশ কিছুদিন ধরেই তিনি ফুসফুসের সমস্যায় ভুগছিলেন। সপ্তাহ দুয়েক আগে তাঁকে ভর্তি করা হয় বাইপাসের ধারে একটি বেসরকারি হাসপাতালে। রবিবারেই তাঁকে স্থানান্তরিত করা হয় SSKM-এ।

১৯৯৪ সালে উত্তর দিনাজপুরের গোয়ালপোখর আসন থেকে ফরোয়ার্ড ব্লকের প্রাথী হিসেবে প্রথমবার বিধায়ক নির্বাচিত হন হাফিজ আলম সাইরানি। ২০০১ সাল থেকে ২০০৬ সাল পর্যন্ত তিনি বামফ্রন্ট সরকারের ত্রাণ ও সমবায় মন্ত্রী ছিলেন। হাফিজ আলম সাইরানি দীর্ঘদিন উত্তর দিনাজপুর জেলার ফরওয়ার্ড ব্লক নেতা ছিলেন। ২০২২-এ তিনি যোগ দেন কংগ্রেসে।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষে সরকার সইরানির মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন। শুভক্ষে বাবু এক বিবৃতিতে জানিয়েছেন, সংসদীয় রাজনীতির আঙিনায় ও প্রগতিশীল কর্মধারার ক্ষেত্রে প্রয়াত হাফিজ আলি সৈরাণীর ভূমিকা চিরস্মরণীয় হয়ে থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণিঝড়ের প্রভাবে প্রবল বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত কৃষকদের আর্থিক সাহায্য দেওয়া নিয়ে কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় গতকাল এক পর্যালোচনা বৈঠক করেন নবান্নে এই বৈঠকের পর তিনি জানিয়েছেন, এ পর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী রাজ্যের প্রায় ৬০ লক্ষ কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছেন। তাঁরা যাতে ক্ষতিপূরণ পান, আধিকারিকদের তা নিশ্চিত করতে বলা হয়েছে। এই বিষয়ে কোনও রকম গাফিলতি বরদাস্ত করা হবে না বলেও স্পষ্ট জানান মন্ত্রী। বৈঠকে ছিলেন দণ্ডরের প্রধান সচিব ওকার সিং মিনা - সহ রাজ্যের কৃষি আধিকারিক এবং সমবায় ব্যক্তি ও বীমা সংস্থার অধিকর্তার।

এদের মন্ত্রী জানিয়ে দেন, বিপর্যয় মোকাবিলা দণ্ডের থেকেই হোক বা শস্যবীমার আওতায়, প্রত্যেককে উপযুক্ত ক্ষতিপূরণ দিতে হবে। এছাড়া সার সংক্রান্ত সমস্যা

নিয়েও বৈঠকে আলোচনা হয়। আধিকারিকদের বলা হয়েছে, কৃষকরা যাতে নির্দিষ্ট নিয়ম মেনে চাল কিনতে পারেন তা দেখতে হবে। সারের সঙ্গে অন্য কোনও কিছু কেনা বাধ্যতামূলক করা যাবে না। অর্থাৎ কৃষকরা না চাইলে, তাঁদের ব্যবসায়ীরা সারের সঙ্গে অন্যকিছু কিনতে বাধ্য করতে পারবেন না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আবাস যোজনার তালিকায় যোগ্য পরিবারের নাম না থাকার প্রতিবাদে পুরুলিয়া এক নম্বর ব্লকের সোনাইজুড়ি গ্রাম পঞ্চায়েতের মহিলারা গতকাল পঞ্চায়েত অফিসে তালা ঝুলিয়ে দেয়। বিশ্বাভকারীদের দাবী, তালিকায় যারা বাড়ি পাওয়ার যোগ্য তাঁদের নাম নেই, রয়েছে অযোগ্যদের নাম। বিষয়টি প্রধানকে জানানো হলেও কোনো সুরাহা হয়নি। তাই বাধ্য হয়ে তাঁরা পঞ্চায়েত দপ্তরে তালা দিয়েছেন।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, কিছুক্ষণ আগে পঞ্চায়েত অফিসের তালা খুলে দেওয়া হয়। এর ফলে দীর্ঘক্ষণ সেখানে আটকে থাকেন পঞ্চায়েত কর্মী ও সদস্যরা। পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এদিকে, আবাস যোজনায় দুর্নীতির প্রতিবাদে ও প্রকৃত প্রাপকদের ঘর দেওয়ার দাবীতে, পশ্চিম বর্ধমানের খান্দারা পঞ্চায়েতের সামনেও গতকাল বিশ্বাভ দেখানো হয়। মুকুন্দপীর, বাউড়িপাড়া, সিন্দুলি বাউড়িপাড়া ও খান্দারা বাউড়িপাড়ার বাসিন্দাদের অভিযোগ, আর্থিকভাবে পিছিয়ে পড়াদের নাম এই আবাস যোজনার তালিকায় নেই। যারা ইতমধ্যেই বাড়ি তৈরীর টাকা পেয়েছেন, তাদের নাম আবারো তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে। স্থানীয় বিডিও বিষয়টি খতিয়ে দেখার আশ্চর্ষ দিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরএর এগরায় আবাসের সমীক্ষা দলকে ঘিরে গতকাল বিক্ষেপ দেখানো হয়, দেওয়া হয় - গো ব্যাক শ্লোগান। ব্লকের সার্ভের টিমে থাকা খোদ রাজ্য সরকারি আধিকারিককে ঘিরে বিক্ষেপ। পূর্ব মেদিনীপুর জেলার এগরা ১ নম্বর ব্লকের পাঁচরোল গ্রাম পঞ্চায়েতের রায়দা গ্রামের এই ঘটনাকে কেন্দ্র করে তুমুল উত্তেজনা ছড়ায়।

গ্রামবাসীদের অভিযোগ, ঘরের বিছানার মধ্যে ঢুকে ওই খাদ্য সরবরাহ দফতরের আধিকারিক সবকিছু জিনিস খতিয়ে দেখে ছবি তুলছেন। পাশাপাশি তিনি গ্রামে ঘূরে বেছে বেছে ঘর সার্ভে করছেন। কিন্তু প্রকৃত প্রাপকেরা বঞ্চিত থাকছেন।

পরে রায়দা গ্রামের স্থানীয় পঞ্চায়েত সদস্য রবীন্দ্রনাথ দাসের হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয়। রবীন্দ্রনাথবাবু ওই আধিকারিককে উত্তেজিত জনতার কাছ থেকে বার করে পরিস্থিতি সামাল দেন।

রবীন্দ্রনাথ বাবু জানিয়েছেন, ওই সরকারি আধিকারিকের পক্ষপাতিত্ব মূলক আচরণ বিরুদ্ধে বিডিও 'র কাছে লিখিত অভিযোগ জানাবেন।

০০০০০০০০০০০০০০০০০০০

মাউন্টটেনইয়ার্স অ্যাসোসিয়েশন অফ কৃষ্ণনগরের পাঁচ অভিযাত্রী অরুণাচল প্রদেশের গোরিচেন পর্বত শৃঙ্গ জয় করেছে। ৬৪৮৮ মিটার এই শৃঙ্গটি ভারতের অসামরিক নাগরিক হিসেবে তারাই প্রথম ছুঁতে পেরেছে বলে দলনেতা বসন্ত সিংহ রায় বেস ক্যাম্প থেকে নেমে মোবাইলে দাবি করেছেন।

বাহ্য

উল্লেখ্য, গত কুড়ি তারিখে রাত্রি একটা নাগাদ তারা শৃঙ্গজয়ের উদ্দেশ্যে বেস ক্যাম্প থেকে রওনা দেন। প্রথম বসন্ত বাবু ও রুম্পা দাস একজন শেরপাকে সঙ্গে নিয়ে ২১ তারিখ সকাল সাড়ে ছটা নাগাদ শৃঙ্গ জয় করেন। তারা নেমে আসার পর

আরও তিনজন সুব্রত ঘোষ ,প্রশান্ত সিংহ ও পার্থসারথি লায়েক দুজন শেরপা কে
সঙ্গে নিয়ে শৃঙ্খ জয় করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সল্টলেকের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাঠে চার দিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের চতুর্থ
ও শেষ দিনে আজ বাংলার বিরুদ্ধে কেরল প্রথম ইনিংসে সাত উইকেটে ২৬৭
রান হাতে নিয়ে খেলতে নামছে। কেরলের জলজ সাঙ্গেনা ৮৪, সলমন নিজার ৬৪
রানে অপরাজিত রয়েছেন।

বাংলার ঈশান পোড়েল পাঁচটি ,প্রদীপ্তি প্রামাণিক ও সুরজ জয়সওয়াল একটি করে
উইকেট নেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০